



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৭-০২-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় দেশের স্বনামধন্য ১২টি ক্লাব ফুটবল দলের অংশগ্রহণে 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' এর উদ্বোধন অদ্য ৭ ফেব্রুয়ারী ২০২১ তারিখে বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে বেলা ২:৪৫ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত লীগের উদ্বোধনী খেলা নোফেল স্পোর্টিং ক্লাব বনাম উত্তরা ফুটবল ক্লাব লিঃ এর মধ্যে অনুষ্ঠিত হয়। খেলায় উত্তরা ফুটবল ক্লাব লিঃ ১-০ গোলে নোফেল স্পোর্টিং ক্লাবকে পরাজিত করে।

'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১' এর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সিনিয়র সহ-সভাপতি ও প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির চেয়ারম্যান জনাব আব্দুস সালাম মুর্তেদ-এমপি, ঢাকা-১০ এর মাননীয় সংসদ সদস্য জনাব শফিউল ইসলাম মহিউদ্দিন, প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির ডেপুটি চেয়ারম্যান জনাব আব্দুর রহিম, বাফুফে সদস্য ও বাফুফে রেফারীজ কমিটির চেয়ারম্যান জনাব জাকির হোসেন চৌধুরী, বাফুফে সদস্য জনাব মোঃ নুরুল ইসলাম (নুরুল), সদস্য জনাব মহিদুর রহমান মিরাজ, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ ও বাফুফে প্রফেশনাল লীগ ম্যানেজমেন্ট কমিটির সদস্য সৈয়দ রেজাউল করিম।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।